যুগান্তর

২ ৭ ৪

# সাভারে ৩ স্কুল শিক্ষককে লাঞ্ছনার ঘটনায় শিক্ষার্থীদের মানববন্ধন

**স্টাফ রিপোর্টার,** *সাভার*

সাভার পৌর এলাকায় বনপুকুর মহল্লায় প্যারামাউন্ট পাবলিক স্কুলের তিন শিক্ষককে লাঞ্ছনার ঘটনায় স্থানীয় এলাকাবাসী ও স্কুল শিক্ষার্থীদের মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে সন্ত্রাসী কবির ও মিশুর দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করে দ্রুত গ্রেফতারের দাবি জানানো হয়। মঙ্গলবার দুপুরে বনপুকুর এলাকায় এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। জানা যায়, শুক্রবার বিকালে প্যারামাউন্ট পাবলিক স্কুলের সহকারী শিক্ষক মনির হোসেন দিপুর ওপর হামলা চালায় কবির ও মিশুর নেতৃত্বে কয়েকজন সন্ত্রাসী। এ সময় তাকে উদ্ধার করতে গিয়ে প্যারামাউন্ট স্কুলের প্রতিষ্ঠাতা পরিচালক বিল্লাল হোসেন কিরণ ও সিনিয়র সহকারী শিক্ষক সাইফুল ইসলাম এ হামলার শিকার হন। এ সময় এলাকাবাসী এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এর প্রতিবাদে স্থানীয় এলাকাবাসী ও ওই স্কুলের শিক্ষার্থী-শিক্ষকমণ্ডলী একত্রিত হয়ে শিক্ষদের ওপর সন্ত্রাসী হামলাকারী ও এলাকার ত্রাস সৃষ্টিকারী কবির ও মিশুর দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। মানববন্ধনে এ সময় উপস্থিত ছিলেন প্যারামাউন্ড স্কুলের প্রধান শিক্ষক হাজী মো. লুৎফর রহমান, গাজীরচট স্কুল অ্যান্ড কলেজের প্রভাষক ফেরদৌস খান, বিদ্যাকানন স্কুলের প্রধান শিক্ষক ওসমান গনিসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।